



লেবানন-ইসরায়েলের মধ্যে আবারও যুদ্ধবিরতি



ছবি: সংগৃহীত

ওয়াশিংটনে আলোচনার পর আবারও যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে লেবানন ও ইসরায়েল। এ তথ্য জানিয়েছে মার্কিন স্টেট ডিপার্টমেন্ট। যৌথ বিবৃতিতে বলা হয়, হামলা বন্ধে দুই পক্ষ সম্মত হয়েছে। একই সঙ্গে দক্ষিণ লিতানি নদী এলাকা থেকে হিজবুল্লাহ সদস্যদের সরিয়ে নেওয়ার বিষয়েও আলোচনা হয়েছে। সীমান্ত অঞ্চলে নিরাপত্তা জোরদারে লেবাননের সেনাবাহিনী নিয়ন্ত্রণ নেবে বলেও জানানো হয়। সশস্ত্র গোষ্ঠীগুলোকে ওই এলাকা থেকে সরিয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে। গত ফেব্রুয়ারিতে ইরানকে ঘিরে উত্তেজনার মধ্যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যৌথ হামলা চালায়। এরপর মার্চে দক্ষিণ লেবাননে নতুন সামরিক অভিযান শুরু করে ইসরায়েল। পাল্টা হামলা চালায় হিজবুল্লাহও। সাম্প্রতিক সংঘাতে হাজারের বেশি লেবাননের নাগরিক নিহত হয়।

LENS ASIA